গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, রাঙ্গামাটি পার্বত্য জেলা
(স্থানীয় সরকার শাখা)
www.rangamati.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নম্বর : ০৫.৪২.৮৪০০.২০৭.০৪.০০৪.১৯-৪৫৭,

তারিখ : ১২ অগ্রহায়ণ, ১৪২৬ বঙ্গাব্দ
২৭ নভেম্বর, ২০১৯ খ্রিষ্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার বিভাগ, ইউপি-২ শাখা এর স্মারক নং ৪৬.০০.০০০০.০১৮.০৪.০০১.১৭-৪৩৫, তারিখ : ০৭ অক্টোবর, ২০১৯ খ্রি. মূলে ছাড়পত্র প্রদানের প্রেক্ষিতে রাঙ্গামাটি পার্বত্য জেলার ৪৫ টি ইউনিয়ন পরিষদে **"হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর"** এর শূন্য পদে জাতীয় বেতন স্কেল, ২০১৫ মোতাবেক অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের নিমিত্ত রাঙ্গামাটি পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| পদের নাম | পদের সংখ্যা | বেতনস্কেল | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|
| হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর | ৪৫ (পঁয়তাল্লিশ) | গ্রেড-১৬<br>জাতীয় বেতন স্কেল/২০১৫ এর স্কেল ৯৩০০-২২,৪৯০/- | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে বাণিজ্য বিভাগে অন্যূন দ্বিতীয় বিভাগ অথবা সমমানের জিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত এবং<br>(গ) কম্পিউটার টাইপিং এ প্রতি মিনিটে সর্বনিম্ন গতি বাংলা ২০ (বিশ) শব্দ ও ইংরেজি ২০ (বিশ) শব্দ। |

শর্তাবলী :

১. আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও রাঙ্গামাটি পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে এবং আবেদনের সাথে স্থায়ী বাসিন্দার প্রমাণপত্র দাখিল করতে হবে।

২. সরকারের নির্দেশনা মোতাবেক উক্ত পদের বেতনের ৭৫% সরকারি অনুদান থেকে ও ২৫% ইউনিয়ন পরিষদের নিজস্ব আয় থেকে নির্বাহ করা হবে।

৩. নির্ধারিত আবেদন ফরমের নির্দেশনা ও চাহিদা অনুযায়ী প্রয়োজনীয় তথ্য প্রদান করতে হবে।

৪. আবেদন সরকার কর্তৃক চাকুরির নির্ধারিত ফরমে আগামী ৩০.১২.২০১৯ খ্রি. তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে জেলা প্রশাসক, রাঙ্গামাটি এর দপ্তরে সরাসরি/ডাকযোগে পৌঁছাতে হবে। নির্ধারিত আবেদন ফরমটি জনপ্রশাসন মন্ত্রণালয়ের www.mopa.gov.bd ওয়েবসাইট অথবা জেলা প্রশাসন, রাঙ্গামাটি পার্বত্য জেলার www.rangamati.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।

৫. নির্ধারিত সময়ের পর প্রাপ্ত আবেদন গ্রহণযোগ্য হবে না এবং বিলম্বে প্রাপ্ত, অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ দরখাস্ত বাতিল বলে গণ্য হবে।

৬. প্রার্থীর বয়স ৩০.১২.২০১৯ খ্রি. তারিখে অবশ্যই ১৮-৩০ বৎসরের মধ্যে হতে হবে। তবে সরকার কর্তৃক বিভিন্ন সময়ে জারীকৃত নির্দেশনা মূলে প্রাধিকার প্রাপ্তদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য।

৭. প্রার্থীকে আবেদনপত্রের সাথে যে কোন তফসিলী ব্যাংক হতে ৪০০/- (চারশত) টাকার ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) জেলা প্রশাসক, রাঙ্গামাটি এর অনুকূলে জমা প্রদান করতে হবে। এছাড়া আবেদন পত্রের সাথে ১০/-(দশ ) টাকার ডাকটিকিট সম্বলিত নিজ ঠিকানা লিখিত (যে ঠিকানায় ইন্টারভিউ কার্ড পেতে চান) ৯"X৫" সাইজের খাম জমা দিতে হবে এবং সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি সংযুক্ত করতে হবে।

৮. চাকুরিরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং নির্ধারিত সময়ের মধ্যে আবেদন পত্র পৌঁছাতে হবে। এক্ষেত্রে আবেদনপত্রের কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।

৯. সরকারি নীতিমালা মোতাবেক মুক্তিযোদ্ধার সন্তান/মহিলা/আনসার ও ভিডিপি/এতিম/শারীরিক প্রতিবন্ধী/ক্ষুদ্র-নৃগোষ্ঠী প্রার্থীর জন্যকোটা সংক্রান্ত সরকারি বিধিবিধান অনুসরণ করা হবে। এক্ষেত্রে প্রার্থীকে তার কোটা দাবির সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র/প্রমাণপত্রের সত্যায়িত কপি জমা দিতে হবে।

১০. কর্তৃপক্ষ সরকারি বিধি বিধানের সাথে সাংঘর্ষিক নয় এমনভাবে কোন শর্ত পরিবর্তন বা অতিরিক্ত শর্ত সংযোজন করতে পারবেন । কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১১. কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকুরিতে নিয়োগ প্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল এবং তার বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১২. লিখিত পরীক্ষায় নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় নাগরিকত্ব সনদপত্র, জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার সনদ, কম্পিউটার পারদর্শীতার প্রমাণস্বরুপ সকল সনদপত্র ও কোটা সম্পর্কিত প্রমাণক সনদপত্রের মূলকপি উপস্থাপন/দাখিল করতে হবে।

১৩. লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের কম্পিউটার বিষয়ক ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

১৪. বর্ণিত পদে নিয়োগের ক্ষেত্রে রিট পিটিশন নং ১১৪৭৬/২০১৭ হতে উদ্ভুত লীভ টু আপিল মামলা নং ৪৫২/২০১৮ এর গত ০৫.০২.২১৮ তারিখের বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপিল বিভাগ কর্তৃক প্রদত্ত আদেশ প্রতিপালন করা হবে।

১৫. জনপ্রশাসন মন্ত্রণালয়, বিধি-১ শাখা এর ৩০.০৬.২০১৯ তারিখের ০৫.০০.০০০০.১৭০.২২.০৬২.১৩-১৫২ নং স্মারকের প্রদত্ত নির্দেশনা মোতাবেক বর্ণিত পদে নিয়োগের ক্ষেত্রে কোনো বিশেষ কোটার (মুক্তিযোদ্ধার, মহিলা, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, এতিম ও শারীরিক প্রতিবন্ধী এবং আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য) কোনো পদ যোগ্য প্রার্থীর অভাবে পুরণ করা সম্ভব না হলে অপূর্ণ পদসমূহ সাধারণ প্রার্থীদের মধ্য হতে মেধা তালিকার শীর্ষে অবস্থানকারী প্রার্থীদের দ্বারা পূরণ করা হবে।

১৬. প্রার্থীকে লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

২৭/১১/১৯

(এ কে এম মামুনুর রশিদ)
জেলা প্রশাসক
রাঙ্গামাটি পার্বত্য জেলা।
ফোন : ০৩৫১-৬২২১১ ( অফিস )
E-mail: dcrangamati@mopa.gov.bd

স্মারক নম্বর : ০৫.৪২.৮৪০০.২০৭.০৪.০০৪.১৯- ৪৫৭

তারিখ : ১২ অগ্রহায়ণ, ১৪২৬ বঙ্গাব্দ
২৭ নভেম্বর, ২০১৯ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (প্রযোজ্য ক্ষেত্রে) প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৩. সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ ,চট্টগ্রাম।
৭. পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম ।
৮. জেলা প্রশাসক ...................................................... (সকল)।
৯. পুলিশ সুপার, রাঙ্গামাটি ও সদস্য, নিয়োগ কমিটি।
১০. প্রধান নির্বাহী কর্মকর্তা, পার্বত্য জেলা পরিষদ, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
১১. উপপরিচালক, স্থানীয় সরকার, রাঙ্গামাটি ও সদস্য সচিব, নিয়োগ কমিটি।
১২. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব/(শিক্ষা ও আইসিটি)/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
১৩. মেয়র, রাঙ্গামাটি/বাঘাইছড়ি পৌরসভা।
১৪. সিভিল সার্জন, রাঙ্গামাটি ।
১৫. নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, রাঙ্গামাটি ও সদস্য নিয়োগ কমিটি।
১৬. চেয়ারম্যান, ............................................ উপজেলা পরিষদ (সকল), রাঙ্গামাটি পার্বত্য জেলা।
১৭. উপজেলা নির্বাহী অফিসার .............................. (সকল), রাঙ্গামাটি পার্বত্য জেলা।
১৮. সিনিয়র সহকারী কমিশনার/সহকারী কমিশনার ............................................... শাখা, অত্রাফিস, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
১৯. সহকারী কমিশনার, আইসিটি শাখা, অত্রাফিস। বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
২০. সহকারী পরিচালক, জেলা জনশক্তি ও কর্মসংস্থান ব্যুরো, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
২১. জেলা তথ্য অফিসার, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
২২. সম্পাদক, দৈনিক ........................................................। তাঁর প্রকাশিত দৈনিক পত্রিকায় ছুটির দিন ব্যতীত ০১ (এক) দিনের জন্য পত্রিকার ভিতরের পৃষ্ঠায় সংক্ষিপ্ত পরিসরে প্রকাশের ব্যবস্থা করতঃ জেলা প্রশাসক, রাঙ্গামাটি বরাবর প্রেরণ করার করার জন্য অনুরোধ করা হলো।
২৩. অফিস নথি/নোটিশ বোর্ড ।

২৭/১১/১৯

জেলা প্রশাসক
রাঙ্গামাটি পার্বত্য জেলা।